

ক্যারেজ ও ওয়াগন মেরামত কারখানা, পাহাড়তলী, চট্টগ্রাম এর সার-সংক্ষেপ:

পাহাড়তলী ক্যারেজ ও ওয়াগন মেরামত কারখানা বাংলাদেশ রেলওয়ের একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। বিংশ শতকের প্রথম দিকে আসাম বেঙ্গল রেলওয়ের অধীনে এই কারখানায় স্টীম লোকোমোটিভ মেরামত করা হতো। উপমহাদেশের ভৌগলিক বিভক্তির পর ১৯৪৭ সালে এটি ক্যারেজ ও ওয়াগন মেরামত কারখানা হিসেবে প্রতিস্থাপিত হয়। বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের সকল যাত্রী ও মালবাহী গাড়ির ভারী মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ এই কারখানায় সম্পাদিত হয়। এছাড়া বিদেশ হতে আমদানীকৃত সকল যাত্রীবাহী ও মালবাহী গাড়ীর ডিপ্রসেসিং/কমিশনিং করা, লোকোমোটিভের চাকা রি-এক্সেলিং এবং ব্রেক ব্লক ঢালাইসহ বিভিন্ন যন্ত্রাংশ উৎপাদন করা এই কারখানার অন্যতম কাজ।

এক নজরে কারখানা

- নাম : পাহাড়তলী ক্যারেজ ও ওয়াগন মেরামত কারখানা।
- স্থাপনকাল : ১৯৪৭ খ্রি.।
- মোট আয়তন : ৩৫.০০ একর (প্রায়)।
- সেড এরিয়া : ১২.০০ একর (প্রায়)।
- ওপেন এরিয়া : ২৩.০০ একর (প্রায়)।
- রেলওয়ে ট্র্যাক : ১২ কিলোমিটার।
- সাব সপ : ২২টি।
- প্রধান কাজ : যাত্রী ও মালবাহী গাড়ির ভারী মেরামত ও রক্ষণাবেক্ষণ।
- সর্বমোট জনবল : মঞ্জুরী: ২২৫৫ জন, কর্মরত: ৮২৪ জন, শূন্য: ১৪৩১ জন।
- প্ল্যান্টস ও মেশিনারীজ : মোট: ৪৩১টি।
কারখানা আধুনিকায়ন ফেজ-১ এর আওতায় ১০২টি প্রতিস্থাপন হয়েছে।
- রোলিং স্টক : ক্যারেজ: ১০৮৭টি, ওয়াগন: ২২৪৩টি।